

২৬ সেপ্টেম্বর ২০২১ (রবিবার) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত "প্রতিযোগিতা আইন বাস্তবায়নের মাধ্যমে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতাপূর্ণ পরিবেশ সৃষ্টিতে Economic Reporters Forum এর ভূমিকা" শীর্ষক কর্মশালা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালার সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব টিপু মুন্শি, এমপি। কর্মশালায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্য মণ্ডলী, ইকোনোমিক রিপোর্টার্স ফোরামের সভাপতি, সাধারণ সম্পাদক সহ ইকোনোমিক রিপোর্টার্স ফোরামের সদস্যবৃন্দ, গণমাধ্যমের সাংবাদিকবৃন্দ ও কমিশনের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

কর্মশালায় মূল পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন।

প্রধান অতিথি জাতির জনকের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং মহান মুক্তিযুদ্ধের সকল শহীদ, বীরসঙ্গীত মা-বোনদের প্রতি শ্রদ্ধা জানান। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের প্রকৃত লক্ষ্য, উদ্দেশ্য বাস্তবায়নের অগ্রগতিতে ইকোনোমিক রিপোর্টার্স ফোরামকে সহযোগিতার জন্য বিশেষ অনুরোধ জানান। দেশের উন্নতি, সমৃদ্ধি জন্য তিনি মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানান। ই-কমার্সের সমৃদ্ধিকে সামনে রেখে দেশের প্রায় ২৫-৩০ হাজার ই-কমার্স প্রতিষ্ঠানকে সুসংগঠিতভাবে পরিচালিত করার জন্য প্রতিযোগিতা বিরোধী গুটি কয়েক প্রতিষ্ঠানের কর্মকান্ড নিয়ন্ত্রণ/প্রতিরোধ করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। সবশেষে তিনি কর্মশালায় উপস্থিত গণমাধ্যমের কর্মীদের সকলকে জনসচেতনতা তৈরীর জন্য আহ্বান জানান।

কর্মশালার সমাপনী বক্তব্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম প্রধান অতিথি ও উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। দেশের ব্যবসা বাণিজ্য, অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রমে ইকোনোমিক রিপোর্টার্স ফোরাম সহ সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। তিনি কমিশনের কার্যক্রমকে আরো গতিশীল করার ব্যাপারে প্রত্যয় ব্যক্ত করেন। গণমাধ্যমের কর্মীগণ বাজারে প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ডের সংবাদ সমূহ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে অবগত করার এবং ব্যবসায়ী সংগঠন সমূহ যাতে প্রতিযোগিতা আইন অনুসরণ করে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা বজায় রাখে সেই প্রচার-প্রচারণার আহ্বান জানান। তিনি কর্মশালা চলাকালীন মুক্ত আলোচনা পর্বে গণমাধ্যম কর্মীদের বিভিন্ন প্রশ্নের প্রাসঙ্গিক ও যুক্তিসঙ্গত উত্তর দেন।

এছাড়াও কর্মশালায় কমিশনের বিজ্ঞ সদস্য জনাব ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, ইকোনোমিক রিপোর্টার্স ফোরামের সভাপতি জনাব শারমিন রিনভী, সাধারণ সম্পাদক জনাব এস এম রাশিদুল ইসলাম, কমিশনের আইনজীবী ব্যারিস্টার মাফরুহা মারফি বক্তব্য রাখেন।